

বিষয়: তথ্য অধিকার বাস্তবায়নে অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ বিভাগীয় কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	ড. মুহাম্মদ মোশাররফ হোসেন বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
সভার তারিখ	: ২২ ফেব্রুয়ারি ২০২২
সভার সময়	: দুপুর ১.৩০টা
স্থান	: বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট এর সম্মেলন কক্ষ
উপস্থিতি	: পরিশিষ্ট- "ক"


সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভায় গত ২২ ডিসেম্বর ২০২১ তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃষ্টিকরণ করা হয়।

২। অতঃপর সভায় বিস্তারিত আলোচনার পরিশ্রমিতে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:-

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
<p>০১. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সংক্রান্ত:</p> <p>১.১ প্রত্যেক দপ্তরের তথ্য প্রদানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবি দাপ্তরিক ফোন নম্বর, দাপ্তরিক ই-মেইল প্রদর্শন এবং ওয়েবসাইটে আপলোডকরণের বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় সকল বিভাগীয় অফিস থেকে এ সংক্রান্ত তথ্য সংগ্রহের বিষয় আলোচনা করা হয়। ১.২ বিভাগের ৫৭টি দপ্তরের মধ্য হতে ৫৭টি দপ্তরের প্রাপ্ত তথ্য সভায় উপস্থাপন করা হয়।</p>	<p>১.১ প্রত্যেক দপ্তরের তথ্য প্রদানে সর্বশেষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবি, দাপ্তরিক ফোন ও ই-মেইল নম্বর স্ব-স্ব দপ্তরের সামনের প্রদর্শন করতে হবে এবং ওয়েবসাইটে আপলোড করতে হবে। ১.২ কোন দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার পরিবর্তন হলে তা অবহিত করতে হবে।</p>	<p>সংশ্লিষ্ট সকল দপ্তর</p>
<p>০২. কর্মকর্তা/কর্মচারীদের অনলাইন প্রশিক্ষণ:</p> <p>সভায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তথ্য অধিকার বিষয়ক অনলাইন প্রশিক্ষণ গ্রহণের বিষয়ে আলোচনা হয়। সভায় বিভাগীয় ৫৭টি দপ্তরের মধ্যে ৪১টি দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রশিক্ষণ গ্রহণের তথ্য উপস্থাপন করা হয়।</p>	<p>২.১ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তথ্য অধিকার বিষয়ক অনলাইন প্রশিক্ষণ গ্রহণ নিশ্চিত করতে হবে। ২.২ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের অনলাইন প্রশিক্ষণ গ্রহণের বিষয়ে বিভাগীয় দপ্তরসমূহে পুনরায় পত্র প্রেরণ করতে হবে।</p>	<p>১। সংশ্লিষ্ট সকল দপ্তর ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংস্থাপন শাখা</p>
<p>০৩. তথ্য অধিকার বিষয়ক প্রচারনা:</p> <p>সভায় জানানো হয় যে, জনগণের অধিকার নিশ্চিতকল্পে তথ্য অধিকার আইনের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। উক্ত আইন মতে তথ্য পেতে বিড়ম্বনা বা হয়রানির ঘটনা ঘটছে কিনা সে বিষয়ে কমিটির সদস্যদের সতর্ক থাকার বিষয়ে আলোচনা হয়।</p>	<p>তথ্য অধিকার আইন মতে তথ্য সরবরাহে ব্যত্যয় ঘটলে সে সম্পর্কিত তথ্য বিভাগ/জেলা/উপজেলা কমিটিকে অবহিত করার জন্য সকলকে অনুরোধ করা হয়।</p>	<p>সংশ্লিষ্ট সকল</p>

<p>০৪. সংশ্লিষ্ট সংস্থার ওয়েব-সাইটে স্বপ্রণোদিতভাবে তথ্য প্রকাশ:</p> <p>তথ্য অধিকার আইন, ২০০৯ এর তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা ২০১০ এর তফসিল-১ ও তফসিল-২ এ তথ্য প্রকাশ ও প্রচারের বিষয়ে আলোচনা করা হয়। সভাপতি দাপ্তরিক ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের স্বার্থে স্ব-প্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যসমূহ স্ব-স্ব ওয়েব সাইটে প্রকাশ করার বিষয়ে গুরুত্বারোপ করেন।</p>	<p>৪.১ তথ্য অধিকার আইন, ২০০৯ এর তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা ২০১০ এর তফসিল-১ ও তফসিল-২ অনুযায়ী সংশ্লিষ্ট সংস্থার ওয়েবসাইটে স্বপ্রণোদিতভাবে তথ্য প্রকাশের বিষয়টি নিশ্চিত করতে হবে।</p> <p>৪.২ বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে সকল বিভাগীয় দপ্তরসমূহে পত্র প্রেরণ করতে হবে।</p>	<p>১। সংশ্লিষ্ট সকল দপ্তর ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংস্থাপন শাখা</p>
<p>০৫. বিবিধ:</p> <p>তথ্য অধিকার সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন:</p> <p>সভায় জানানো হয় যে ২০২১ সনের প্রতিবেদন প্রকাশের জন্য বিভাগীয় পর্যায়ের দপ্তরসমূহের তথ্যাদি ছক মোতাবেক প্রেরণের জন্য ইতোমধ্যে সকল দপ্তরে পত্র প্রেরণ করা হয়েছে। সভাপতি আগামী ২৪ ফেব্রুয়ারি ২০২২ তারিখের মধ্যে সকল দপ্তরের তথ্য প্রেরণের অনুরোধ জানান।</p>	<p>২০২১ সনের বার্ষিক প্রতিবেদন প্রকাশের জন্য বিভাগীয় দপ্তরসমূহের তথ্যাদি ছক মোতাবেক আগামী ২৪ ফেব্রুয়ারি ২০২২ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।</p>	<p>সংশ্লিষ্ট সকল দপ্তর</p>

৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ড. মুহাম্মদ মোশাররফ হোসেন
বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট

স্মারক নম্বর: ০৫.৪৬.০০০০.০০৫.১৮.০০১.১৫.২৪৪

তারিখ: ১৭ ফাল্গুন ১৪২৮

০২ মার্চ ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২) সচিব, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
- ৩) তথ্য অধিকার বাস্তবায়নে অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ বিভাগীয় কমিটি, সিলেট এর সদস্যবৃন্দ।



ড. মুহাম্মদ মোশাররফ হোসেন
বিভাগীয় কমিশনার